



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

Received by
OFFICE OF DG (ADMN)
13 FEB 2018
MOFA, DHAKA

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট ২/১

এফআইডি (এনআরবি)-১০৪(২)/২০১৮-৫৬৫

তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০১৮

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

'বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড ২০১৭' প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশের ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে প্রবাসী বাংলাদেশিদের অবদান গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। প্রবাসীদের প্রেরিত বৈদেশিক মুদ্রা বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, বিনিয়োগসহ অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। প্রবাসীদের কল্যাণে বাংলাদেশ সরকারের গৃহীত নানা উদ্যোগের পাশাপাশি বাংলাদেশ ব্যাংক বিভিন্ন অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম গ্রহণ করেছে। প্রবাসী ও অনিবাসি বাংলাদেশিদের আর্থিক অন্তর্ভুক্তি প্রক্রিয়ার আওতায় নিয়ে আসা এবং বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ উৎসাহিত করার জন্য ২০১৪ সালে 'বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড' এর প্রবর্তন করা হয়েছে। বিদেশে অবস্থানরত সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী, সর্বোচ্চ পরিমাণ বন্ডে বিনিয়োগকারী, সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা প্রেরণকারী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউজ ও সর্বোচ্চ পরিমাণ রেমিট্যান্স আহরণকারী তফসিলি ব্যাংককে এ সম্মাননা প্রদানের জন্য বিবেচনা করা হয়।

সর্বশেষ 'বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড ২০১৬' অনুষ্ঠানের মাধ্যমে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী ২১ জন, বন্ডে সর্বোচ্চ বিনিয়োগকারী ৫ জন, সর্বোচ্চ পরিমাণ রেমিট্যান্স আহরণকারী ৫ টি তফসিলি ব্যাংক এবং অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন ৪ টি এক্সচেঞ্জ হাউজকে সম্মাননা প্রদান করা হয়। প্রতিবছরের ন্যায় এ বছরও ২০১৭ সালের জন্য এ সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পূর্ববর্তী বছরগুলোতে এ সম্মাননা অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশিরা ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা নিয়ে অংশগ্রহণ করেছেন। এ বছর বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসগুলোর মাধ্যমে প্রচারণার ব্যাপ্তি বাড়ানো গেলে অনিবাসী বাংলাদেশিরা এ বিষয়ে অধিকতর উৎসাহী হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

এমতাবস্থায়, প্রবাসী বাংলাদেশিদেরকে তাঁদের সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে এবং অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউজগুলোকে সরাসরি আবেদনের জন্য উৎসাহিত করার লক্ষ্যে বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসগুলোর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ
পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির কপি।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আবুল বশর)
মহাব্যবস্থাপক

ফোনঃ ০২-৯৫৩০৩৪৩

ই-মেইলঃ abul.bashar@bb.org.bd